# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ২ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

রজনী স্কুল থেকে ফেরার পথে একটি অসুস্থ বিড়ালকে বাড়ি নিয়ে সুস্থ করে তুলল। অন্যান্য গৃহপালিত প্রাণীর সাথে বিড়ালটিও রয়ে গেল। পাশের বাড়ির নিরক্ষর সুবাস যখন তার কাছে পড়তে আসে তখন প্রায়ই সামনে দেখলে লাঠি দিয়ে বিড়ালকে পেটাতে চায়। এছাড়াও সুবাস আসা-যাওয়ার পথে গাছের ডাল ভেঙ্গে ফেলে দেয়। রজনী এজন্য তাকে অপছন্দ করে।

ক. যোগীর নিকট ঈশ্বরের রূপ কেমন? ১

খ. আত্মার জন্ম ও মৃত্যু নেই-ব্যাখ্যা কর। ২

গ. রজনীর কর্মকাণ্ডে ঈশ্বর সেবার কোন দিকটি প্রতিফলিত? উদ্দীপক ও পাঠ্য পুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৩

ঘ. 'হিন্দু ধর্মের একটি মূল বৈশিষ্ট্য এবং অন্যতম প্রধান নৈতিক শিক্ষা থেকে সুবাস বঞ্চিত' উক্তিটি মূল্যায়ন কর। ৪

**২.▶** চল্লিশোর্ধ অলোক বাবু বেশির ভাগ সময় মন্দিরে পূজা, ভজন, জপ, ধ্যান প্রভৃতি কর্মে নিজেকে নিয়োজিত রাখেন। সংসারে দুই ছেলের পড়াশুনা, জমিতে ফসল ফলানো ও অন্যান্য সাংসারিক কাজকর্ম তার স্ত্রীর তত্ত্বাবধানেই সম্পন্ন হয়। অলোক বাবুর অশীতিপর বৃদ্ধা মা গত বছর কাশীবাসী হয়েছেন। 'অলোক বাবুর স্ত্রী রাগ করে প্রায়ই বলেন, এখনই তোমার সংসার ধর্ম-ত্যাগ করতে হল।

ক. কত বছর বয়সে ব্রহ্মচর্য জীবন শুরু করতে হয়? ১

খ. জ্ঞানযোগ বলতে কী বোঝায়? ২

গ. অলোক বাবুর কি সংসার ধর্ম ত্যাগ করার সময় হয়েছে? তাঁর এখন কোন 'আশ্রম ধর্ম' পালন করার কথা। উদ্দীপক ও পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৩

https://teachingbd24.com

ঘ. অলোক বাবুর মা ঠিক সময়ে ঠিক কাজটি করেছেন-বক্তব্যের যথার্থতা মূল্যায়ণ কর। ৪

৩.▶ দাদুর যোগাসন অনুশীলন দেখে দশম শ্রেণিতে পড়ুয়া রবিন দাদুকে বলল আমাকেও যোগাসন অনুশীলন শেখাও। দাদু খেয়াল করলেন বয়সের তুলনায় রবিন বেশি মোটা হয়ে গেছে এছাড়া ইদানিং সে পেটের নানা সমস্যায় ভুগছে। দাদু তাকে তার উপযোগী একটা আসন পদ্ধতি শিখিয়ে ছিলেন।

ক. 'সমাধি' অর্থ কি? ১

খ. 'ধারণা হচ্ছে ধ্যানের ভিত্তি স্বরূপ'— ব্যাখ্যা কর। ২

গ. রবিন কোন আসন অনুশীলন পদ্ধতিতে শিখল? আলোচনা কর। ৩

ঘ. 'উক্ত আসন অনুশীলন করা সবারই প্রয়োজন— কেন? ৪

৪.▶ দুর্গাপূজার আনন্দের রেশ কাটতে না কাটতেই আবার পূজার আয়োজন শুরু হয়েছে। রেখা মায়ের কাছ থেকে জানতে পারল অমাবস্যার রাতে এই পূজা অনুষ্ঠিত হবে। অন্ধকার রাত আলোক উজ্জ্বল হয়ে উঠবে। এদিন সবাই আলোর উৎসবে মেতে উঠবে।

ক. 'পূজা' শব্দের অর্থ কি? ১

খ. 'লৌকিক দেবতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন পূজার ইঙ্গিত দেওয়া হয়েছে? উক্ত পূজার সময়কাল এবং পূজা পদ্ধতি আলোচনা কর। ৩

ঘ. আর্থ-সামাজিক, পারিবারিক ও নৈতিক জীবনে কালী পূজার প্রভাব লিপিবদ্ধ কর। ৪

৫.▶ রনিতার বিয়েতে প্রচুর লোক সমাগম হয়েছে। সকাল থেকেই চলছে বিভিন্ন আচার অনুষ্ঠান। বিয়ের আগের দিনও কিছু অনুষ্ঠান বা আচার পালিত হয়েছে। আসলে হিন্দু বিবাহ কোন চুক্তি নয়, জীবনের সর্বশ্রেষ্ঠ সংস্কারমূলক অধ্যায়।

ক. মনুসংহিতায় কয় প্রকার বিবাহের উল্লেখ আছে? ১

খ. অন্নপ্রাসন কাকে বলে? ২—

গ. তোমার দেখা একটি বিবাহ অনুষ্ঠানের পর্বসমূহ বর্ণনা কর। ৩

ঘ. বিবাহ জীবনের সর্বশ্রেষ্ঠ সংস্কারমূলক অধ্যায়— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

Teachingbd24.com

৬.▶ জমিদার বংশে জন্মগ্রহণ করেও বিশ্বনাথ ছিল, ধার্মিক, উদার, সাহসী এবং মানবতার মূর্ত প্রতীক। একদিন সে পূজার উপবাস শেষে প্রসাদ হাতে নিয়ে তাড়াতাড়ি বেরিয়ে পড়ল দূরে এক আত্মীয়ের বাড়িতে যাবে সেজন্য। পথে ক্ষুধার্ত ভিখারীকে দেখে সে তার প্রসাদ তাকে দিল। ব্যস্ততার কারণে সারারাত তার আর কিছু খাওয়া হল না।

ক. প্রকৃত মানুষ হতে হলে কয়টি গুণ থাকতে হবে? ১

খ. সৎসাহস বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনাটি তোমার পাঠ্যপুস্তকের কোন কাহিনীকে স্মরণ করায়। উদ্দীপক এবং পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৩

ঘ. 'উক্ত গুণটি অর্জন করা মানবজীবনের সর্বশ্রেষ্ঠ ধর্ম'-উক্তিটি মূল্যায়ন কর।৪

৭.▶ ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীন হয়েছে। বাংলার বহু দামাল ছেলেরা সাহস আর দৃঢ়তার সাথে যুদ্ধ করে স্বাধীনতা ছিনিয়ে এনেছে। এর ও আগে সূর্যসেন, ক্ষুধিরাম বসুর মত তরুণরা সাহসের যে পরিচয় দিয়েছেন, দেশপ্রেমিক হিসাবে তাদের নাম চিরস্মরণীয় হয়ে থাকবে।

ক. রাজা দশরথের কয় রাণী ছিলেন? ১

খ. রাম বনে গমন করলেন কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বক্তব্যের সাথে তোমার পঠিত কোন কাহিনির সাদৃশ্য আছে? আলোচনা কর। ৩

ঘ. 'সৎ-সাহসী ব্যক্তি, সমাজ, দেশ ও জাতির অহঙ্কার'— এই বক্তব্যের সাথে তুমি কি একমত? ৪

৮.▶ মাদকের ভয়াল থাবা থেকে তরুণ সমাজকে মুক্ত করতে দেশব্যাপী শুরু হয়েছে মাদক বিরোধী অভিযান, এই সুযোগে নিঃস্ব শীলাদেবী মাদকাসক্ত ছেলে রক্তিমকে পুলিশের হাতে তুলে দিলেন। তিনি চান উপযুক্ত পরিচর্যার মাধ্যমে তাঁর অসুস্থ ছেলেটা স্বাভাবিক জীবনে ফিরে আসুক।

ক. 'প্রণাম' কী? ১

খ. শিষ্টাচার বলতে কী বোঝায়? ২

গ. মাদকাসক্তি প্রতিরোধে শীলাদেবীর ভূমিকার পাশাপাশি আর কী করণীয় বলে তুমি মনে কর। আলোচনা কর উদ্দীপক ও পাঠ্যপুস্তকের আলোকে।৩

ঘ. মাদকাসক্তির কুফল সম্পর্কে তোমার অভিজ্ঞতা বর্ণনা কর। ৪

https://teachingbd24.com

৯.▶ অর্ঘ্যরাজ সন্ন্যাসী বাবা কৃষ্ণনাম কীর্তন করতে করতে মন্দির পরিক্রমা করছেন। তখন মদ্যপ অবস্থায় শৈবাল ও প্রবাল নামের দুই ভাই সন্ন্যাসী বাবার উপর আক্রমণ করল। সন্ন্যাসী বাবাও রেগে গিয়ে দলবল নিয়ে তাদের উপর আক্রমণ করল। পরে পুলিশ এসে পরিস্থিতি সামাল দিল। সে এক রক্তারক্তি কাণ্ড।

ক. শ্রীগৌরাঙ্গ সন্ন্যাস নিয়ে কোথায় গেলেন? ১

খ. শ্রীগৌরাঙ্গের প্রেমভক্তি ও কৃষ্ণনামের আন্দোলন সম্পর্কে লেখ। ২

গ. শৈবাল ও প্রবালের মধ্যে কোন চরিত্রের প্রতিফলন লক্ষ্যণীয়। তাদের চরিত্র বিশ্লেষণ কর। ৩

ঘ. শৈবাল ও প্রবালকে ধর্মপথে আনার জন্য অর্ঘ্যরাজ সন্ন্যাসীর ভূমিকা কতটুকু সঠিক? উদ্দীপক ও পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন কর। ৪

১০.▶ ডা: বিশ্বজিৎ বাবুর ছেলে একদিন বাবাকে জিজ্ঞাসা করলেন চিকিৎসা শাস্ত্রের ইতিহাস সম্পর্কে। বাবা তাকে ভারতীয় চিকিৎসাশাস্ত্র সম্পর্কে আলোচনা করে বোঝালেন। বিশেষ করে এমন একজনের কথা বললেন যাকে 'ভারতীয় চিকিৎসাশাস্ত্রের জনক' বলা হয়।

ক. 'অংশাবতার' কী? ১

খ. অবতার কাকে বলে? ২

গ. ডা: বিশ্বজিৎ বাবু কোন মহান চিকিৎসক সম্পর্কে ইঙ্গিত দিয়েছেন উদ্দীপকে। তাঁর আর্বিভাব সম্পর্কে আলোচনা কর। ৩

ঘ. তাঁকে 'ভারতীয় চিবকিৎসাশাস্ত্রের জনক' বলা হয়। তাঁর সম্পর্কে উক্তিটি যথার্থ কিনা যুক্তি দিয়ে বোঝাও। ৪

১১.▶ 'জীবে প্রেম করে যেই জন/সেইজন সেবিছে ঈশ্বর' বিশ্বব্যাপী নন্দিত এই বাণীটি যিনি উচ্চারণ করেছেন, তিনি তাঁর সারাটা জীবন জগতের কল্যাণে উৎসর্গ করেছেন। বিশ্ব ধর্ম সম্মেলনে তিনি বলেন 'সর্ব ধর্মের লক্ষ্য এক। .... তাই বিবাদ নয়, সহায়তা; বিনাশ নয়, পরস্পরের ভাবগ্রহণ; মতবিরোধ নয়, সমন্বয় ও শান্তি।'

ক. সতীদাহ প্রথা বিলোপ করেন কে? ১

খ. দক্ষিণেশ্বর মন্দির সবার জন্য উন্মুক্ত ছিল কেন? ২

গ. বিশ্বধর্ম সম্মেলনে উক্ত মহামানবের দেয়া বক্তব্য পৃথিবীতে সাম্য প্রতিষ্ঠায় কতটুকু সহায়ক? বিশ্লেষণ কর। ৩

ঘ. উক্ত মহামানব নারী শিক্ষা ও সমাজ সংস্কারে কি কি ভূমিকা রেখেছেন, সে সম্পর্কে আলোচনা কর পাঠ্যপুস্তকের আলোকে। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড : | ১ | ১ | ২ |

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ঈশ্বর বিভিন্ন রূপে এ পৃথিবীতে অবতীর্ণ হওয়ার কারণ—

i. পৃথিবীর সৌন্দর্য অবলোপন
ii. ধর্ম রক্ষা করা
iii. দুষ্টের দমন ও শিষ্টের পালন করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২. 'ঈশ্বর পরমাত্মা এবং একমাত্র আশ্রয়'— এটি কোন গ্রন্থে বর্ণিত রয়েছে?

ক রামায়ণে
খ শ্বেতাশ্বতর উপনিষদে
গ গীতায় ঘ বেদে

৩. 'স্বয়ম্ভু' শব্দের অর্থ কোনটি?

ক অনন্তরূপ খ রামায়ণ
গ মহিমা ঘ নিজে নিজে সৃষ্টি

৪. ব্রহ্মা হলেন—

i. মহাবিশ্ব সৃষ্টিকারী
ii. মহাবিশ্ব ও প্রকৃতি রক্ষাকারী
iii. দুষ্টের দমনকারী

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও:

সংসারের প্রতি বকুল দেবীর মনোযোগ কম। সারাক্ষণ কৃষ্ণ নাম নিয়েই ব্যস্ত থাকেন। শেষ পর্যন্ত তিনি মায়াপুরে চলে যান।

৫. বকুল দেবীর চরিত্রের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন মহিয়সীর মিল খুঁজে পাওয়া যায়?

ক ভগিনী নিবেদিতা খ মীরাবাঈ
গ শ্রীমা ঘ রাধা

৬. উক্ত মহিয়সীর সংগীতের মাধ্যমে সমাজে সৃষ্টি হতে পারে-

i. সাম্প্রদায়িক সম্প্রীতি
ii. ঈশ্বর প্রাপ্তির পথ
iii. সকলের প্রতি সমদৃষ্টি

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৭. "ওঙ্কার" বলতে বোঝানো হয়েছে—

i. সৃষ্টিকর্তা ব্রহ্মা
ii. লয়কারী ব্রহ্মা
iii. নিরাকার ব্রহ্মা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৮. 'অনল' শব্দের অর্থ কী?

ক অগ্নি খ বাতাস
গ সূর্য ঘ চন্দ্র

৯. জীবদেহের ভিতরে যে জীবন আছে তা কীসের অংশ?

ক জীবাত্মার খ দেব-দেবীর
গ পরমাত্মার ঘ অন্তরাত্মার

১০. বিশ্বব্রহ্মাণ্ডের আকাশ জুড়ে বিরাজ করছে-

i. নক্ষত্রমণ্ডলী
ii. আলো বাতাস
iii. সূর্য

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১. ঈশ্বর তিনিই যিনি—

i. প্রকৃতি ও পরিবেশের মধ্যে বৈচিত্র্য সৃষ্টি করেছেন
ii. জীবদেহ নিয়ন্ত্রণ করছেন
iii. প্রকৃতির সৌন্দর্য সৃষ্টি করেছেন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

Teachingbd24.com

১২. মোক্ষলাভ বলতে কী বোঝায়?
ⓚ মৃত্যুবরণ ⓚ ঈশ্বরের সান্নিধ্য লাভ
ⓖ স্বর্গে গমন ⓘ পৃথিবীতে অবস্থান

১৩. বিনয় দাস এক মন, এক ধ্যানে ঈশ্বরের সাধনা করে যোগী হয়েছেন। তার কাছে ঈশ্বরের পরিচয় কী?
ⓚ পরমাত্মা ⓚ জীবাত্মা
ⓖ ভগবান ⓘ অবতার

১৪. 'একং সদ্ বিপ্রা বহুধা বদন্তি'— কথাটি কোথায় বলা হয়েছে?
ⓚ রামায়ণে
ⓚ শ্বেতাশ্বতর উপনিষদে
ⓖ গীতায় ⓘ ঋগ্‌বেদে

১৫. একেশ্বরবাদ হচ্ছে আমাদের একটি—
ⓚ ধর্মীয় বিশ্বাস ⓚ আচরণিক বিশ্বাস
ⓖ সামাজিক বিশ্বাস ⓘ ব্যক্তি বিশ্বাস

১৬. মানুষ একাগ্রচিত্তে দেব-দেবীর আরাধনা করে-
i. ঈশ্বরের নৈকট্য অর্জনের জন্য
ii. দেব-দেবীর শক্তি লাভ করার জন্য
iii. ঈশ্বরের অনুগ্রহ লাভ করার জন্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১৭. 'নবান্ন' উৎসবে কোন দেবীর পূজা করা হয়?
ⓚ সরস্বতীর ⓚ লক্ষ্মীর
ⓖ দুর্গার ⓘ মনসার

১৮. বাংলা মাসের শেষ দিনকে কী বলা হয়?
ⓚ মাস শেষ ⓚ সংক্রান্তি
ⓖ হালখাতা ⓘ জামাইষষ্ঠী

১৯. শিবপূজার অন্য নাম কী?
ⓚ লাল পূজা ⓚ নীল পূজা
ⓖ সাদা পূজা ⓘ কালা পূজা

২০. কোন মাসে জামাইষষ্ঠী উদযাপন করা হয়?
ⓚ বৈশাখ ⓚ জ্যৈষ্ঠ
ⓖ আষাঢ় ⓘ শ্রাবণ

২১. হাতেখড়ি অনুষ্ঠানের মধ্য দিয়ে একজন শিশু কোথায় প্রবেশ করে?
ⓚ পিতৃগৃহে ⓚ গার্হস্থ্য জীবনে
ⓖ শিক্ষা জীবনে ⓘ শিশু জীবনে

২২. আষাঢ় মাসের যে তিথিতে রথযাত্রা শুরু হয়-
ⓚ শুক্লা দ্বিতীয়া ⓚ শুক্লা তৃতীয়া
ⓖ শুক্লা পঞ্চমী ⓘ শুক্লা নবমী

২৩. মহাপ্রভু শ্রীচৈতন্যের পার্ষদ শ্রীমৎ অদ্বৈত প্রভুর জন্মস্থান কোথায়?
ⓚ শ্রীহট্ট তীর্থে ⓚ হিমাইতপুর তীর্থে
ⓖ পণাতীর্থে ⓘ লাঙ্গালবন্দ তীর্থে

২৪. যিনি কন্যা সম্প্রদান করেন তিনি কোন মুখী হয়ে বসেন?
ⓚ উত্তরমুখী ⓚ দক্ষিণমুখী
ⓖ পূর্বমুখী ⓘ পশ্চিমমুখী

২৫. 'মা গুরুজন, ব্রহ্মময়ী স্বরূপা'— এটি কার বাণী?
ⓚ শঙ্করাচার্য ⓚ শ্রীরামকৃষ্ণ
ⓖ নৃসিংহ ⓘ বিবেকানন্দ

২৬. রাণী রাসমণির সর্বশ্রেষ্ঠ কীর্তি কী?
ⓚ যমুনার জলকর বন্ধ
ⓚ গঙ্গার জলকর বন্ধ
ⓖ দক্ষিণেশ্বর মন্দির স্থাপন
ⓘ কালীঘাট নির্মাণ

২৭. ঠাকুর শ্রী অনুকূল চন্দ্র কর্মজীবন শুরু করেন-
ⓚ চিকিৎসক হিসেবে ⓚ শিক্ষক হিসেবে
ⓖ কীর্তনীয়া হিসেবে ⓘ ঠাকুর হিসেবে

২৮. নবদ্বীপে কার গৃহে কুবের আর গৌরাঙ্গের সাক্ষাৎ হলো?
ⓚ নন্দন আচার্যের ⓚ নিত্যানন্দের
ⓖ ধর্মবাদ ⓘ দেবত্ববাদ

২৯. অস্তেয় শব্দের অর্থ-
ⓚ চুরি না করা ⓚ চুরি করা
ⓖ ডাকাতি করা ⓘ অন্যায় করা

৩০. বিজয় কৃষ্ণ উচ্চশিক্ষার জন্য ভর্তি হন-
ⓚ কলকাতা বাংলা কলেজে
ⓚ কলকাতা হিন্দি কলেজে
ⓖ কলকাতা সংস্কৃত কলেজে
ⓘ কলকাতা ফারসি কলেজে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd24.com